দৈনিক ইত্তেফাক

24 OCT 1991

তারিখ ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

২(ক)

06

## বুয়েটে কর্মবিরতি প্রশ্নে মতবিরোধ

( ইত্তেফাক রিপোর্ট )

বুয়েট ক্যাম্পাসে সন্ত্রাসের প্রতিবাদে শিক্ষক, অফিসার ও কর্মচারীদের যৌথ 'কর্মবিরতি' কর্মসূচী অব্যাহত রাখার ব্যাপারে মত বিরোধ দেখা দিয়াছে। গতকাল (বুধবার) কর্মবিরতি পালনের ৪র্থ দিনে পৃথক সভায় শিক্ষকবৃন্দ

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বুয়েট

( ১ম পৃঃ পর )

কর্মবিরতি অব্যাহত রাখার সিদ্ধান্ত নিলেও অফিসার ও কর্মচারীবৃন্দ এই কর্মসূচী প্রত্যাহার করিয়াছে।

গতকাল বুয়েট শিক্ষক সমিতির এক জরুরী সভায় ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা করিয়া বলা হয়, ক্যাম্পাসে এখনও নিরাপত্তা ফিরিয়া আসে নাই। সরকারী আশ্বাস সত্ত্বেও সন্ত্রাসীদের গ্রেফতারের ক্ষেত্রে কোন পদক্ষেপ গৃহীত হয় নাই। ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ক্ষতিপূরণের ব্যাপারেও কোন কার্যকর ব্যবস্থা নেওয়া হয় নাই। সভায় ৪ সপ্তাহের মধ্যে বুয়েট ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনায় গঠিত তদন্ত কমিটি রিপোর্ট প্রকাশের দাবী করিয়া বলা হয়, শিক্ষক, অফিসার, কর্মচারীদের পূর্ণ নিরাপত্তা ফিরিয়া না আসা পর্যন্ত শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত থাকিবে। সমিতির সভাপতি প্রফেসর জসিম-উজ-জামান সভায় সভাপতিত্ব করেন।

অপরদিকে বুয়েটের কর্মচারী ঐক্য পরিষদ এবং অফিসার্স এসোসিয়েশন এক যৌথ সভায় বলিয়াছে, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক কর্মকর্তা ও কর্মচারীদের নিরাপত্তা ব্যবস্থার উন্নতি, বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন এবং দোষী ব্যক্তিদের শাস্তি প্রদানের আশ্বাসের প্রেক্ষিতে আপাততঃ কর্মবিরতি কর্মসূচী প্রত্যাহার করা হইল।

বুয়েটে সন্ত্রাসের প্রতিবাদে ছাত্র ইউনিয়ন বুয়েট শাখা আজ (বৃহস্পতিবার) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশের কর্মসূচী নিয়াছে।